

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA**

Date : 31-12-2025

Time : 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

CM-5 PROJECTS :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, মানুষের সমস্যা দূর করতে রাজ্য সরকার বিভিন্ন প্রকল্প গুরুত্বপূর্ণ করছে। খাদ্য, বস্ত্র, বাসস্থান সহ বিভিন্ন জরুরি পরিসেবার সুযোগ মানুষের দরজায় পৌঁছে দিতে রাজ্য সরকার সক্ষম। গতকাল আগরতলা পূর নিগমের ৩২ নম্বর ওয়ার্ডের নেতাজি আদর্শ শিক্ষা মন্দির প্রাঙ্গনে পাঁচটি প্রকল্পের ভূমি পূজন ও ভিত্তি প্রস্তর স্থাপন অনুষ্ঠানে একথা বলেন।

MP BIPLAB DEB -TRAIN :

আগরতলা-ধৰ্মনগর-আগরতলা এক্সপ্রেস ট্রেনটি ICF রেক থেকে LHB রেকে উন্নীত হয়েছে। সামাজিক মাধ্যমে এঅথ্য জানিয়ে প্রধানমন্ত্রী ও রেলমন্ত্রীকে ধন্যবাদ জানানলেন রাজ্যের বর্তমান সাংসদ প্রাঙ্গন মুখ্যমন্ত্রী বিল্বব কুমার দেব। এই গুরুত্বপূর্ণ পদক্ষেপ যাত্রীদের আরামদায়ক ও নিরাপদ ভ্রমন নিশ্চিত করবে বলেও অভিমত ব্যক্ত করেন তিনি।

CM-REVIEW :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যের জুমিয়া ও বন নির্ভর জনগোষ্ঠির উন্নত ও সুস্থায়ী জিবিকার লক্ষ্য ত্রিপুরার রাবার প্লানটেশন কর্পোরেশনের কাজের গতি ও জনমুখিতা বাঢ়াতে হবে। গতকাল সচিবালয়ে এক পর্যালোচনা বৈঠকে একথা বলেন তিনি।

G Ram G :

কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান গতকাল বলেছেন, সৎসদ বর্তমান চাহিদা মাথায় রেখে এবং পূর্ববর্তী মনরেগা প্রকল্পের অন্তিমুণ্ডি দূর করার জন্য → বিকশিত ভারত - রোজগার এবং আজীবিকা মিশন (গ্রামীণ): বিকশিত ভারত – "জি রাম জি বিল" পাস করেছে। তিনি ভোপালে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান তিনি বলেন, বিকশিত ভারত - রোজগারের জন্য গ্যারান্টি এবং আজীবিকা মিশন (গ্রামীণ) প্রধানমন্ত্রীর গতিশক্তি উদ্দেশ্যের সাথে যুক্ত করা হয়েছে যাতে এটি আরও কার্যকর হয়। তিনি বলেন, মিশনে বেকার ভাতার জন্য একটি স্পষ্ট বিধান রয়েছে এবং আইনের অধীনে প্রয়োজনীয় আর্থিক ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে।

Rail-Fog :

কুয়াশাচ্ছন্ন আবহাওয়ায় ট্রেন চলাচল স্বাভাবিক রাখতে রেল মন্ত্রক বেশ কিছু পদক্ষেপ নিয়েছে। মন্ত্রক উত্তর রেলওয়ে, উত্তর-পূর্ব রেলওয়ে এবং উত্তর মধ্য রেলওয়ের জেনারেল ম্যানেজারদের ট্রেনের চলাচল সম্পর্কে রিয়েল-টাইম

পর্যালোচনা করতে এবং ক্যাটারিংসহ বিভিন্ন সমস্যা সমাধানের নির্দেশ দিয়েছে।

ABVP Tripura :

অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ ত্রিপুরা প্রদেশের সভাপতি হিসেবে পুনঃনির্বাচিত হয়েছেন দেবরাজ পানিগ্রাহী। প্রদেশ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন রবি শংকর হালদার।

Pensioners Association :

ত্রিপুরা গভর্নেন্ট পেনশনার্স এসোসিয়েশন ৪৬তম বার্ষিক সাধারণ সভা গতকাল আগরতলায় স্টুডেন্ট হেলথ হোমে অনুষ্ঠিত হয়। সম্মেলনে ১৫ দফা দাবি নিয়ে আলোচনা হয়।

CM-Jackson Gate :

রাজ্যের ইতিহাস ও গ্রন্থসমূহের লক্ষ্যে রাজ্য সরকার আগরতলা জ্যাক্সন গেট এলাকায় নতুন করে রাজ্য স্মৃতি বিজরিত একটি গেট নির্মাণের উদ্যোগ নিয়েছে। গতকাল আগরতলার জ্যাক্সন গেট এলাকা পরিদর্শন করে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের নিয়ে

প্রস্তাবিত নতুনভাবে জেকশন গেট নির্মাণের নকশা ও পরিকল্পনা খতিয়ে দেখেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন, অতীতের জ্যাকসন গেইটের স্মৃতিবিজড়িত স্থাপনা নতুন প্রজন্মের কাছে তুলে ধরাই এই উদ্যোগের মূল লক্ষ্য।

District Level Football :

সিপাহীজলা জেলাভিত্তিক ভগবান বিরসা মুক্তা আন্ত হোস্টেল ফুটবল টুর্নামেন্টে বালিকা বিভাগে সোনামুড়া মহকুমা ও বালক বিভাগে জম্পুইজলা মহকুমা চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল ফাইনালের এই দুটি ম্যাচ জম্পুইজলার এস.ডি মেমোরিয়াল স্কুলের সিনথেটিক ফুটবল মাঠে অনুষ্ঠিত হয়।

Vijay Merchant :

বিজয় মার্চেন্ট ট্রফি অনুধর্ঘ ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলায় তামিলনাড়ুর বিরুদ্ধে পরাজয় এড়াতে লড়াই করছে ত্রিপুরা। কর্ণাটকের শিমোগার KSCA মাঠে অনুষ্ঠিত খেলায় রাজ্যদলের প্রথম ইনিংসের ৭৮ রানের জবাবে দ্বিতীয় দিনে গতকাল তামিলনাড়ু ৮ উইকেটে ৩৪৫ রান তুলে নিয়ে প্রথম ইনিংসের সমাপ্তির ঘোষনা দেয়। ২৬৭ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে রাজ্যদল দিনের শেষে ৫ উইকেট হারিয়ে ৬৯ রান তোলে।

Woman football :

ভারত রঞ্জ প্রয়াত প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং এর জন্মজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে মহিলা ফুটবল প্রতিযোগিতার শেষ খেলায় গোমতি জেলা জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে অনুষ্ঠিত চতুর্থ খেলায় গোমতি জেলা ৪-০ গোলে উনকোটি জেলাকে হারিয়ে দেয়।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১১.৬ ডিগ্রি সেলসিয়াস। এদিকে, ভারতীয় আবহাওয়া বিভাগ রাজ্যের সর্বোচ্চ হালকা থেকে মাঝারি কুয়াশার সতর্কতা জারি করেছে।
